গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৮২.০০৯.০৩.০০১.২৫- ২৮৭ তারিখ: ২৪/০২/২০২৬ খ্রিঃ।

## পীরগঞ্জ উপজেলাধীন বৈরচুনা বাঁশতলী খেয়াঘাট ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলার বৈরচুনা বাঁশতলী খোয়া ঘাট ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত একসনা মেয়াদে দরপত্রের মাধ্যমে ইজারা প্রদান করা হবে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | খেয়া ঘাটের নাম | সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ১১ নং বৈরচুনা | বৈরচুনা বাঁশতলী খেয়াঘাট | ২৭১০৭৯.০০ | ১২০০/- |

| পর্যায় | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| | | | হতে | পর্যন্ত | |
| ১ম | ১০/০৩/২০২৬ খ্রিঃ | ১১/০৩/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ২য় | ২৯/০৩/২০২৬ খ্রিঃ | ৩০/০৩/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ৩য় | ০৭/০৪/২০২৬ খ্রিঃ | ০৮/০৪/২০২৬ খ্রিঃ | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |

**বিঃদ্রঃ** ইচ্ছুক দরপত্র দাতাগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। ১ম পর্যায়ে যদি খেয়াঘাটটির দাখিলকৃত দর অনুমোদিত হয় তাহলে ২য় ও ৩য় পর্যায়ে উক্ত ঘাট আর ডাক হবে না।

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান:** উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ ঠাকুরগাঁও. সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) পাওয়া যাবে। **উল্লেখ্য, দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।**

**দরপত্র সিডিউল দাখিলের স্থান:** উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পীরগঞ্জ ঠাকুরগাঁও এর কার্যালয়ে রক্ষিত **দরপত্র** বাক্সে দাখিল করা যাবে।

২৪/০২/২৬
(এন, এম, ইশফাকুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

## ১৪৩৩ বাংলা সনের খেয়াঘাট ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩৩ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য খেয়াঘাট ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ২৫% (শতকরা পচিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় খেয়াঘাটর জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট খেয়াঘাটের সরকারী মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওনা পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা খেয়াঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। পেশাদার পার্টনীগনকে ইজারা প্রদানে অগ্রাধিকার প্রদান করা হবে।

৭। সরকার অনুমোদিত টোল চারশীট খেয়াঘাটের উভয় পার্শ্বে জনসাধারণের প্রদর্শনের জন্য টাংগাইয়া রাখিতে হবে।

৮। ইজারাদার কোনক্রমেই খেয়াঘাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ(ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিন শত ) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে খেয়াঘাট পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক খেয়াঘাট ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। খেয়াঘাট ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণের তারিখ পরিবর্তন বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। খেয়াঘাট জনসাধারণের চলাচলের জন্য এমনভাবে প্রস্তুত রাখতে হবে যেন জনগন অনায়াসে চলাচল করতে পারে।

২৪/০২/২৬

(এন, এম, ইশফাকুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নং-০৫.৫৫.৯৪৮২.০০৯.০৩.০০১.২৫- ১৬৭ তারিখ: ২৪/০২/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। পুলিশ সুপার, ঠাকুরগাঁও।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৪। প্রশাসক, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। সহকারী কমিশনার (ভূমি), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, পীরগঞ্জ পৌরসভা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৭। অফিসার ইনচার্জ, পীরগঞ্জ থানা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
(দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগের জন্য অনুরোধসহ)।
৮। উপজেলা ............................................................কর্মকর্তা (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
(বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে টাঙ্গিয়ে প্রচারের জন্য অনুরোধসহ)।
৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, পীরগঞ্জ শাখা, ঠাকুরগাঁও।
১০। চেয়ারম্যান ............................................................ ইউপি (সকল), পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..............................................ইউনিয়ন ভূমি অফিস পীরগঞ্জ, ঠাকুরগাঁও। (খেয়াঘাট ইজারার বিজ্ঞপ্তিটি তার এলাকায় ঢোল-সহরতের মাধ্যমে প্রচার করতঃ দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বে একটি জারী প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো) এবং খেয়াঘাটটি ইজারা কার্যক্রাম সমাপ্ত না হওয়া পর্যন্ত খাস আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। জনাব ---------------------------------- ইজারাদার ১৪৩০/১৪৩১/১৪৩২ বৈরচুনা বাঁশতলী খেয়াঘাট পীরগঞ্জ,ঠাকুরগাঁও।
১৩। নোটিশ বোর্ড (সকল)।
১৪। অফিস কপি।

24/02/25

(এন, এম, ইশফাকুল কবীর)
উপজেলা নির্বাহী অফিসার (অঃ দাঃ)
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।